# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org
Email- chuadangapourasava@lgd.gov.bd

**পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ২০তম সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব শারমিন আক্তার, প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা।
স্থান : পৌরসভা মিলনায়তন
তারিখ : ১২-০৫-২০২৬ খ্রিঃ
সময় : সকাল : ১১.০০ ঘটিকা
সম্মানিত সদস্যদের উপস্থিতির ও স্বাক্ষর- মাসিক সভার হাজিরা রেজিষ্টারে সংরক্ষিত।

| ক্রমিক নং | সভায় উপস্থিত সদস্য গণের নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | জনাব ডা ঃ হাদি জিয়াউদ্দিন আহম্মেদ, সিভিল সার্জন, চুয়াডাঙ্গা। | উপস্থিতির স্বাক্ষর হাজিরা রেজিষ্টার খাতায় সংরক্ষিত |
| ০২ | জনাব মো ঃ মাসুদুর রহমান সরকার, উপপরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, চুয়াডাঙ্গা। | |
| ০৩ | জনাব মো ঃ শাহিনুর ইসলাম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা। | |
| ০৪ | জনাব মো ঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা। | |
| ০৫ | জনাব মোছা ঃ জেসমিন আরা খাতুন, জেলা শিক্ষা অফিসার (ভার), চুয়াডাঙ্গা। | |
| ০৬ | জনাব অহীন্দ্র কুমার মন্ডল, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা। | |
| ০৭ | জনাব মো ঃ তাজুল ইসলাম, উপপরিচালক(অতিরিক্ত দায়িত্ব), মহিলা বিষয়ক অধিদপ্তর, চুয়াডাঙ্গা। | |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন, আমাদের মাঝে একজন নতুন সদস্য এসেছে তিনি হলেন পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা ও সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব তিথি মিত্র। তাকে আমরা স্বাগত জানাচ্ছি। সদ্য যোগদানকৃত প্রধান নির্বাহী কর্মকর্তা, চুয়াডাঙ্গা পৌরসভা সভায় উপস্থিত সকলের সাথে পরিচিত হন এবং কুশলাদি বিনিময় করেন। অতপর পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো:

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:-** সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তিথি মিত্র বিগত ইং ২২-০৪-২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | গত সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয় | পৌর পরিষদ |
| ০২ | **ট্রেড লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা:-** ট্রেড লাইসেন্স আদায় নিয়ে আলোচনাকালে সভায় উপস্থিত লাইসেন্স পরিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশ বলেন লাইসেন্স এর কার্যক্রম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জনান মহোদয়ের নির্দেশনা মোতাবেক স্বর্ণ পট্টিতে ব্যবসায়ীদের নামে লাইসেন্স হাল নাগাদ করার জন্য নোটিশ প্রদান করা হয়েছে। তিনি স্বর্ণ পট্টিতে নির্বাহী ম্যাজিস্ট্রেট দ্বারা অভিযান পরিচালনা করার প্রস্তাব করেন। এপ্রিল/২০২৬ মাসে লাইসেন্স নবায়ন হয়েছে মোট ৮৪ টি এবং আয় হয়েছে ১,৯৮,১৮৭/-টাকা। এছাড়াও ট্রেড লাইসেন্স বকেয়া তালিকা প্রস্তুত পূর্বক ওয়ার্ড পর্যায়ে কার্যক্রম চলমান রাখা আছে। বকেয়া আদায়ের বিষয়ে আলোচনা করা হয়। দীর্ঘ মেয়াদী লাইসেন্স বকেয়ার তালিকা প্রস্তুত করার বিষয়ে প্রশাসক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (১) বকেয়া ট্রেড লাইসেন্স আদায়ে আরো সচেষ্ট হওয়াসহ অভিযান অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) প্রতি মাসে নতুন লাইসেন্সের তালিকা সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(৩) দীর্ঘ মেয়াদী বকেয়া লাইসেন্সের তালিকা সভায় উপস্থাপন পূর্বক বকেয়া আদায়ের লক্ষে গৃহীত পদক্ষেপ সমূহ সম্পর্কে সভাকে অবগত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | লাইসেন্স শাখা |
| ০৩ | **পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আলোচনা:-** (ক) সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান জানান RUTDP প্রকল্পের কাজ ইতোমধ্যে ২৮% সম্পন্ন হয়েছে এবং কাজের মান সন্তোষজনক। প্রকল্পের কাজের অগ্রগতি কম হওয়ায় সভাতে অসন্তোষ প্রকাশ করা হয়। কাজের অগ্রগতি বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগিদ দেয়ার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। এবং RUTDP প্রকল্পের ভবিষ্যৎ তালিকা অগ্রাধিকার ভিত্তিতে ওয়ার্ড ভিত্তিক তালিকা করার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। | (ক) প্রকল্পের কাজের অগ্রগতি কম হওয়ায় সভাতে অসন্তোষ প্রকাশ করাসহ কাজের অগ্রগতি বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে দ্রুত কাজ করার তাগিদ দেয়ারসহ RUTDP প্রকল্পের ভবিষ্যৎ তালিকা অগ্রাধিকার ভিত্তিতে ওয়ার্ড ভিত্তিক করার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। | প্রকৌশল বিভাগ |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | (খ) চুয়াডাঙ্গা পৌরসভার ২০২৫-২০২৬ অর্থ বছরের সরকারী উন্নয়ন সহায়তা তহবিলের(ADB) আওতায় ১২৭.৮৭ (একশত সাতাশ দশমিক সাতাশি) লক্ষ টাকার বিপরীতে ০৯ টি ওয়ার্ডে ১৩ টি প্যাকেজে ৪৭ টি প্রকল্প গ্রহন করা হয়েছে (প্রকল্প সমুহ সংযুক্ত করা আছে)। প্রকল্প সমুহ ইজিপি সিষ্টেমে সীমিত দরপত্রের মাধমে দরপত্র আহবান করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (খ) চুয়াডাঙ্গা পৌরসভার ২০২৫-২০২৬ অর্থ বছরের সরকারী উন্নয়ন সহায়তা তহবিলের (ADB) আওতায় ১২৭.৮৭ (একশত সাতাশ দশমিক সাতাশি) লক্ষ টাকার বিপরীতে ০৯ টি ওয়ার্ডে ১৩ টি প্যাকেজে ৪৭ টি প্রকল্প গ্রহন করা হয়েছে (প্রকল্প সমুহ সংযুক্ত করা আছে)। প্রকল্প সমুহ ইজিপি সিষ্টেমে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ/নক্সাকার/সার্ভেয়ার |
| | (গ) ADB প্রকল্পের তালিকা অনুযায়ী সকল রাস্তার বর্তমান ছবি তুলে প্রশাসক মহোদয়কে সরবরাহ করার বিষয়ে আলোচনা করা করা হয়। | (গ) ADB প্রকল্পের তালিকা অনুযায়ী সকল রাস্তার বর্তমান ছবি তুলে প্রশাসক মহোদয়কে সরবরাহ করার জন্য পৌরসভার নক্সাকার মোঃ আলামিন কবিরকে নির্দেশনা প্রদান করা হয়।। | উপ সহকারী প্রকৌশলী/বিদ্যুৎ সুপারভাইজার |
| | (ঘ) পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান এপ্রিল-২০২৬ মাসে নক্সা অনুমোদন করার জন্য ০৯ টি আবেদন জমা পড়েছে। এপ্রিল-২০২৬ মাসে নক্সা বাবদ আয় হয়েছে ১,৮৬,৮৬৫/-টাকা।<br>পৌরসভার সার্ভেয়ার জনাব মোঃ আবুল হাসেম বলেন এপ্রিল' ২০২৬ মাসে জমির আইল সীমানা পরিমাপ করা হয়েছে ২১টি এবং আয় হয়েছে ৬৩,০০০/-টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক বলেন যে, পৌর কর্তৃপক্ষের অনুমোদন বা প্ল্যান বহির্ভূত ভাবে অনেক স্থাপনা এবং ভবন নির্মিত হচ্ছে যা আইনত দন্ডনীয় অপরাধ। এছাড়াও এ ধরণের কাজের ফলে জনভোগান্তি তৈরী হচ্ছে এবং অনেক অভিযোগ কার্যালয়ে দাখিল হচ্ছে। পৌর অধিক্ষেত্রের অভ্যন্তরে কোন স্থাপনা বা ভবন নির্মাণের পূর্বেই অবশ্যই পৌর কর্তৃপক্ষের সার্ভে সেকশনের মাধ্যমে পরিমাপ পূর্বক ভবন বা স্থাপনা নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয় এবং একইসাথে পৌরসভা থেকে অনুমোদিত বাড়ির প্ল্যানের কাজ বাস্তবায়নের ক্ষেত্রে পৌরসভার নক্সাকার ও সার্ভেয়ারের উপস্থিতিতে লে-আউট দিতে হবে।<br>(ঙ) বিদ্যুৎ শাখাঃ সভায় উপস্থিত সড়কবাতি পরিদর্শক জনাব মোঃ আনিছুর রহমান বলেন এপ্রিল/২০২৬ মাসে পৌরসভার ০৯টি ওয়ার্ডে সর্বমোট ৩৪৩ ওয়াট এলইডি বাল্ব স্থাপন করা হয়েছে। চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে স্থাপিত ৯৫% সড়কবাতি সচল আছে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পোলের সড়কবাতি গুলি সচল রাখার জন্য সড়কবাতি পরিদর্শককে নির্দেশনা দেন। | (ঘ) পৌর অধিক্ষেত্রের অভ্যন্তরে কোন স্থাপনা বা ভবন নির্মাণের পূর্বে অবশ্যই পৌর কর্তৃপক্ষের সার্ভে সেকশনের মাধ্যমে পরিমাপ পূর্বক ভবন বা স্থাপনা নির্মাণ করা হচ্ছে কিনা তা যাচাইয়ের জন্য নক্সাকার/সার্ভেয়ারকে নির্দেশনা প্রদান করাসহ পৌরসভা থেকে অনুমোদিত বাড়ির প্ল্যানের কাজ বাস্তবায়নের ক্ষেত্রে পৌরসভার নক্সাকার ও সার্ভেয়ারের উপস্থিতিতে লে-আউট দিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) পোলের সেড পাওয়া মাত্রই বিভিন্ন স্থানে রোড লাইট স্থাপন করা চলমান থাকবে। সড়কবাতি গুলি সচল থাকায় পৌরসভার বিদ্যুৎ শাখাকে ধন্যবাদ জানানো হয়। | |
| ০৪ | <u>পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনাঃ-</u><br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার এপ্রিল, ২৬ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মো ঃ রিয়াজুল ইসলাম সভায় জানান যে, এপ্রিল/২৬ মাসে পানি শাখার গত মাসের জের ১৪,৭৬,৪৫৯/- টাকা এবং চলতি আয় ২৪,৫৭,১৮১/- টাকা। সর্বমোট আয় হয়েছে ৩৯,৩৩,৬৪১/- টাকা ও চলতি মাসে ব্যয় হয়েছে ২৩,৬৭,৩৬৪/-টাকা উদ্বৃত্ত জের ১৫,৬৬,২৭৭/- টাকা এবং রাজস্ব খাতের গত মাসের জের ২,০০৯৮,৬৭০/-টাকা এবং চলতি মাসের আয় ৩১,৩৮,৮৫২/-টাকা, সর্বমোট আয় ২,৩২,৩৭,৫২২/- টাকা ও চলতি মাসে রাজস্ব খাতের মোট ব্যয় ৬০,৩০,৪৩৮/-টাকা উদ্বৃত্ত জের ১,৭২,০৭,০৮৪/-টাকা। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা ও আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব রক্ষণ কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৫ | **পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা:-**<br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার চলতি অর্থ বছরের পৌরকরের দাবী ও আদায়ের বিষয়ে জানতে চাইলে অত্র পৌরসভার এ্যাসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম জানান যে, মোট দাবী ৮,৪৭,২৯,৫১৮/-টাকা এবং এপ্রিল/২৬ মাসে বকেয়া আদায় ৪,৯৯,৫২০/- টাকা এবং হাল আদায় হয়েছে ৫,৩৯,২৩৬/- টাকা সর্বমোট আদায় হয়েছে ১০,৩৮,৭৫৬/-টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পৌরকর আদায়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হওয়ার জন্য নির্দেশনা দেন। | বকেয়া পৌরকর আদায়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে আরো সচেষ্ট হওয়ায় সিদ্ধান্ত গৃহীত হয় | এসেসর/কর শাখা |
| ০৬ | **হাট-বাজার সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত ঃ**<br>পৌরসভা নিয়ন্ত্রণাধীন হাট-বাজার নিয়ে আলোচনাকালে অত্র পৌরসভার ভারপ্রাপ্ত প্রধান সহকারী মো ঃ সালেহ আহাম্মেদ জানান যে, পৌরসভা নিয়ন্ত্রণাধীন (ক) পশু জবাইয়ের ফিস আদায় (খ) আন্তজেলা বাস টার্মিনাল র‍্যাম (গ) পুরাতন সাইকেল ক্রয়-বিক্রয় হাট (সাপ্তাহিক) বাংলা সনে ইজারা না দিয়ে ইংরেজী অর্থ বছরে ইজারা প্রদান করা হয়ে থাকে। হাট-বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা,২০২৫ দ্বিতীয় অধ্যায়ের ৪ এর ১ নং অনুচ্ছেদ অনুযায়ী বাংলা সনে ইজারা দেওয়া আবশ্যক। কিন্তু বিগত কয়েক বছর ধরে বাংলা সনে ইজারা না দিয়ে ইংরেজী সনে ইজারা প্রদান করা হয়। ইংরেজী সনে ইজারা দেয়ার কারনে হাট-বাজার ইজারা সংক্রান্ত তথ্য সঠিক ভাবে প্রেরণ করা সম্ভব হয় না। তাছাড়াও ইজারা বিজ্ঞপ্তি প্রদানে প্রতি বছর অতিরিক্ত অর্থ ব্যয় করতে হয়। ইজারা বিজ্ঞপ্তি একই সাথে দিলে অতিরিক্ত অর্থের অপচয় হবে না। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সে মোতাবেক হাট বাংলা সনে পৌরসভার সকল হাট-বাজারসহ অন্যান্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তবে আগামী ১লা বৈশাখ শুরুর পূর্ব পর্যন্ত অর্থাৎ বাংলা ৩০ চৈত্র ১৪৩৩ পর্যন্ত খাস কালেকশন এর মাধ্যমে (ভ্যাট ও আয়করসহ) আদায় করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) (ক) পশু জবাইয়ের ফিস আদায় (খ) আন্তজেলা বাস টার্মিনাল র‍্যাম (গ) পুরাতন সাইকেল ক্রয়-বিক্রয় হাট (সাপ্তাহিক)আগামী বাংলা ৩০ চৈত্র ১৪৩৩ পর্যন্ত খাস কালেকশন অব্যাহত (ভ্যাট ও আয়করসহ) রাখাসহ আগামীতে বাংলা বছর অনুযায়ী ইজারা কার্যক্রম সম্পন্ন করনের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সেনেটারী ইন্সপেক্টর/প্রধান সহকারী |
| ০৭ | **স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সর্ম্পকে আলোচনা:-**<br>সভায় উপস্থিত জনাব ডাঃ হাদি জিয়াউদ্দিন আহাম্মেদ, সিভিল সার্জন, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা আলোচনাকালে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান সভায় জানান এপ্রিল,২৬ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ২৩৫ টি তন্মধ্যে পুরুষ ১৩০ জন ও নারী ১০৫ জন এবং এক বছরের নীচে ৬২টি। ৪৫ দিনের মধ্যে শিশু নিবন্ধন ০৮ টি। মৃত্যু নিবন্ধন হয়েছে ৩৯টি তন্মধ্যে পুরুষ ২৮ জন ও নারী ১১ জন। জন্ম নিবন্ধনে User ID থেকে ২২,২৭৫/-টাকা এবং বিবিধ রশিদের মাধ্যমে ৯৩,০৫০/- টাকা আয় হয়েছে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেন। | জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য আরো দায়িত্বশীল হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়। | সেনেটারী ইন্সপেক্টর/টিকাদান সুপারভাইজার |
| ০৮ | **ক) স্যানিটেশন সম্পর্কে আলোচনা ও পরিবেশ সম্পর্কিত আলোচনা:-**<br>সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন স্যানিটেশন কার্যক্রম সঠিক ভাবে চলমান আছে। পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) এপ্রিল-২০২৬ ইং মাসে গরু জবেহ করা হয় ২০১ টি, ছাগল ৮১২ টি। এছাড়াও তিনি পৌর এলাকায় পরিবেশগত ছাড়পত্রের জন্য অনাপত্তিনামার বিষয়ে সভায় আলোচনা করেন। | পরিবেশগত ছাড়পত্রের জন্য অনাপত্তিনামা প্রদানের বিষয়ে পরিবেশগত সুরক্ষা ও বর্জ্য ব্যবস্থাপনা, পাকিং ব্যবস্থা, অগ্নিনির্বাপক ব্যাবস্থা সংক্রান্ত (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিবেদন গ্রহন সাপেক্ষে অনাপত্তিনামা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেনেটারী ইন্সপেক্টর |
| ০৯ | **ক) টিকাদান কর্মসুচী সর্ম্পকে আলোচনা:-**<br>ক) সভায় টিকাদান কর্মসুচি সম্পর্কে জানতে চাইলে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন এপ্রিল/২০২৬ মাসে কাজের বিবরণ অত্র সভায় পেশ করেন। বিবরণ ঃ-বিসিজি-২৪৫ টি, পেন্টা-১ =২৩৬ টি, পেন্টা-২ = ২৫২টি, পেন্টা-৩= ২৩১টি, পোলিও-১= ২৩৬ টি, পোলিও-২= ২৫২ টি, পোলিও- | টিকাদান কার্যক্রম আরো গতিশীল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | টিকাদান সুপারভাইজার |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ৩= ২৩১টি, পিসিভি-১= ২০৭টি, পিসিভি-২= ২৫২টি, পিসিভি-৩= ২৩১টি, এম আর-১= ১৫৩টি, এম আর-২= ১৪৮টি, আইপিভি-১= ২৩৬টি, আইপিভি-২= ২৩১ টি, টিডি-১= ৭৬টি, টিডি-২= ৮০ টি, টিডি-৩= ১০৫টি, টিডি-৪= ১১২ টি, টিডি-৫= ১৪৮ টি প্রদান করেন। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার টিকাদান কার্যক্রম আরো গতিশীল করার জন্য টিকাদান সুপাইভাইজার জনাব মোঃ আলী হোসেনকে নির্দেশনা দেন। | | |
| | **<u>খ) ময়লা-আবর্জনা, পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনা:</u>**<br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার শহরের পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে কঞ্জারভেন্সী পরিদর্শক জনাব মো ঃ জুবায়ের রহমানের নিকট জানতে চান। প্রশাসক মহোদয়ের প্রশ্নের জবাবে কঞ্জারভেন্সী পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমান জানান শহরে পরিষ্কার পরিচ্ছন্ন কাজ চলমান আছে। কোন অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিক সমাধানের চেষ্টা করা হয়। এ ছাড়াও ডেঙ্গুসহ অন্যান্য মশাবাহিত রোগের প্রার্দুভাব রোধ করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক প্রতি শনিবার সংশ্লিষ্ট সকল অংশীজনদের নিয়ে বিশেষ পরিষ্কার পরিচ্ছন্ন কর্মসূচী চলমান আছে। এ ছাড়াও আসন্ন পবিত্র ঈদ উল আযাহা উপলক্ষে পৌরসভার ০৯ টি ওয়ার্ডে কোরবানীর পশু জবেই করার স্থান নির্ধারণ করা আছে। নির্ধারিত স্থান সমুহে পরিষ্কার-পরিচ্ছন্ন করা হবে এবং ঈদের দিনে দুপুর ১.০০ টা হতে সন্ধ্যা ৭.০০ টা পর্যন্ত এবং পরের দিন সকাল ৬.০০টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত বর্জ্য অপসারণসহ ব্লিসিং পাউডার ছিটানো ব্যবস্থা করা হবে। এছাড়াও সরকারী উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় ডেঙ্গু প্রতিরোধসহ মশক নিধন বিষয়ে সভায় আলোচনা পূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক প্রতি শনিবার সংশ্লিষ্ট সকল অংশীজনদের নিয়ে বিশেষ পরিষ্কার পরিচ্ছন্ন কর্মসূচী চলমান রাখাসহ দৈনন্দিন পরিষ্কার-পরিচ্ছন্ন কার্যক্রম চলমান আছে।<br>(২)এছাড়াও আসন্ন পবিত্র ঈদ উল আযাহা উপলক্ষে পৌরসভার ০৯ টি ওয়ার্ডে কোরবানীর পশু জবেই করার নির্ধারিত স্থান সমুহে পরিষ্কার-পরিচ্ছন্ন করা এবং ঈদের দিনে দুপুর ১.০০ টা হতে সন্ধ্যা ৭.০০ টা পর্যন্ত এবং পরের দিন সকাল ৬.০০টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত বর্জ্য অপসারণসহ ব্লিসিং পাউডার ছিটানোর সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩)ডেঙ্গু প্রতিরোধসহ মশক নিধনের জন্য প্রাপ্ত বরাদ্দ হতে লিফলেট তৈরী, ডাষ্টবিন ক্রয় ও মশক নিধনের ওষুধ ক্রয়সহ অন্যান্য কার্যাদি বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | কঞ্জারভেন্সী পরিদর্শক |
| ১০ | <u>পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনা:</u><br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান দায়িত্ব প্রাপ্ত (পানি সরবরাহ শাখা) শাখা নিম্ন আকারে এপ্রিল/২৬ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ১০ টা, পুনঃ সংযোগ ০২ টা, ডায়া উন্নয়ন ০০ টা, নাম পরিবর্তন ০১ টা, স্থান পরিবর্তন-০০টা, ডায়া কর্তন-১১ টা (খেলাপি গ্রাহক), ২০২৫-২০২৬ অর্থ বছরে জুন/২৬ পর্যন্ত মোট দাবী = ২,৯৯,৫৯,৬০০/-টাকা। এপ্রিল-২০২৬ ইং পর্যন্ত মোট আদায় হয়েছে =২,২৮,২৩,০১৫/-টাকা, বকেয়া দাবী=৪৯,৩২,৭১৪/-টাকা, এপ্রিল-২০২৬ মাসে বকেয়া সহ আদায় = ২৪,৫৭,১৮১/-টাকা। কম্পিউটার/লেজার পোষ্টিং ৫,৪৮৩ টা, মোট পানির গ্রাহক সংখ্যা ৮,০১৯ (কর্তন ১২১৮) মোট= ৬,৮০৪ টি। মোট মটর গ্রাহক সংখ্যা ৯৬৯ টি। পানির বকেয়া বিল আদায় সন্তোষজনক না হওয়ায় পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পানির বিল আদায়ের জন্য সংশ্লিষ্ট শাখাকে আরো সক্রিয় হওয়ার জন্য নির্দেশনা দেন। | (১) পানি শাখার আয় বৃদ্ধির জন্য কর্মরত সবাইকে বকেয়া বিল আদায়ের জন্য লাইন কর্তনের কাজ চলমান রাখা এবং আরো দায়িত্বশীল হওয়া জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>(২) বকেয়া বিলের কত টাকা আদায় হয়েছে আগামী সভাতে উপস্থাপন করার নির্দেশনা প্রদান করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী/বিলক্লার্ক |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১১ | বিবিধ-(১) চুয়াডাঙ্গা আন্তজেলা বাস টার্মিনাল ইজারাদার টোল আদায়ের স্বার্থে ০১ টি টোলঘর নির্মাণ করে দেয়ার আবেদনের প্রেক্ষিতে অত্র পৌরসভার উপ সহকারী প্রকৌশলী (সরকারী ভ্যাট ও আয়করসহ) ২২,০৮০/-(বাইশ হাজার আশি) প্রাক্কলন প্রস্তুত পূর্বক নির্দেশনা মোতাবেক কাজটি সম্পন্ন করার সময় বাস্তবতার নিরিখে অতিরিক্ত কিছু কাজ করতে (ফ্লোর পাকা করণ) হয় যার কারনে ৪,৫৭০/-টাকা অতিরিক্ত ব্যয় হয়েছে। অতিরিক্ত ব্যয় বিবরণী সভায় উপস্থাপন করা হয়। পৌরস্বার্থ বিবেচনা করে অতিরিক্ত অর্থ বাবদ ৪,৫৭০/-টাকা ব্যয় সম্মতিক্রমে অনুমোদিত হয়। | (১) চুয়াডাঙ্গা আন্তজেলা বাস টার্মিনাল ইজারাদার টোলঘর নির্মাণ কাজটি সম্পন্ন করার সময় বাস্তবতার নিরিখে অতিরিক্ত কিছু কাজ করতে (ফ্লোর পাকা করণ) হয় যার কারনে ৪,৫৭০/-টাকা অতিরিক্ত ব্যয় হয়। পৌরস্বার্থ বিবেচনা করে অতিরিক্ত অর্থ বাবদ ৪,৫৭০/-টাকা ব্যয় সম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপ সহকারী প্রকৌশলী/প্রধান সহকারী |
| | বিবিধ-(২) ২০২৫-২৬ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের নগর উন্নয়ন-১ শাখার ১৪ আগষ্ট ২০২৫ তারিখের পরিচালন বাজেটে আবর্তক অনুদান খাতে প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা বাবদ বরাদ্দকৃত ৩.৩৭ (তিন লক্ষ সাঁইত্রিশ হাজার) টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থ হতে প্রজনন স্বাস্থ্য সেবা ও পুষ্টিসেবা নিশ্চিত করণের জন্য প্রসূতি মাতাদের পুষ্টি সমৃদ্ধ খাবার সরবরাহ ও প্রসূতি গর্ভবর্তী মায়েদের মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা। এ লক্ষ্যে পিপিআর-২০০৮ (সংশোধিত-২০২৫) এর আলোকে RFQ তথা কোটেশন পদ্ধতিতে মালামাল ক্রয়ের জন্য ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। বর্ণিত কমিটি স্থানীয় ভাবে বাজার মূল্য পর্যালোচনাপূর্বক কোটেশন পদ্ধিতিতে মালামাল সমূহ সরবরাহ করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়াও প্রাপ্ত ০২ ও ৩য় কিস্তির বরাদ্দ হতে RFQ তথা কোটেশন পদ্ধতিতে প্রসূতি ও গর্ভবতী মায়েদের জন্য পুষ্টি সমৃদ্ধ খাদ্য দ্রব্য,মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস ও মাধ্যমিক বিদ্যালয়ে অধ্যায়নরত নারী শিক্ষার্থীদের মধ্যে সেনেটারী ন্যাপকিন ইত্যাদি প্রদানের করার বিষয়ে আলোচনা পূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়। | (২) বর্ণিত কমিটি স্থানীয় ভাবে বাজার মূল্য পর্যালোচনাপূর্বক কোটেশন পদ্ধিতিতে মালামাল সমূহ সরবরাহ করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ২য় ও ৩য় কিস্তির বরাদ্দ বাবদ প্রাপ্ত অর্থের মাধ্যমে প্রসূতি ও গর্ভবতী মায়েদের জন্য পুষ্টি সমৃদ্ধ খাদ্য দ্রব্য,মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস ও মাধ্যমিক বিদ্যালয়ে অধ্যায়নরত নারী শিক্ষার্থীদের মধ্যে সেনেটারী ন্যাপকিন ইত্যাদি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা/টিকাদান সুপার ভাইজার |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৪/০৫/২৬

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৬/৪২২/১(১৫)

তারিখ: ২৪-০৫-২৬ খ্রি.

➢ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
০৪। প্রকল্প পরিচালক IUGIP এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

৬-১৩। জনাব.........................................................................................................সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

১৪। বিভাগীয়/শাখা প্রধান, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

১৫। অফিস কপি, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

২৪/০৫/২৬

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা